



চন্দ্রকেতুগড় শহীদুল্লাহ স্মৃতি মহাবিদ্যালয়

দেবালয়, বেড়াচাঁপা, উত্তর ২৪ পরগণা

সংগীতের পাঠাশালা

একটি কন্ঠসংগীত বিষয়ক সার্টিফিকেট কোর্স

সময় সীমা : ৩রা মার্চ ২০২২ থেকে ৩০ এপ্রিল ২০২২

(প্রতি বৃহস্পতি এবং শনিবার সকাল ৯টা থেকে ১১ টা)

আয়োজক : কালচারাল কমিটি, চন্দ্রকেতুগড় শহীদুল্লাহ স্মৃতি মহাবিদ্যালয়

সহযোগিতায় : আই কিউ এ সি, চন্দ্রকেতুগড় শহীদুল্লাহ স্মৃতি মহাবিদ্যালয়

সৃষ্টির প্রারম্ভ থেকে মানব জীবনে সংগীতের প্রভাব পরিলক্ষিত হয়। প্রাচীন ভারতীয় শিল্পশাস্ত্র মতে সংগীত হলো ৬৪ প্রকার কলার অন্যতম কলা, যা চারুকলার অন্তর্গত। খাদ্য যেমন দেহের ক্ষুধা নিবৃত্ত করে শরীরের পুষ্টি সাধন করে, সংগীত তেমনি আত্মার ক্ষুধা নিবৃত্ত করে চিত্তকে সমুল্লত করে। মানব জীবনে বিশেষত মানব মনের উপর সংগীতের প্রভাব অপরিমিত। কেবলমাত্র আমোদ লাভের জন্য নয়, জীবনকে সুস্থ ও সমুল্লত করে তোলাই সংগীতের উদ্দেশ্য। সংগীত যদিও ক্রিয়াস্বক শিল্প তাহলেও এর ঔপপত্তিক দিকটির গুরুত্ব কম নয়। আধুনিক যুগে সংগীতের অনুসন্ধিৎসা অনেকাংশে বেড়েছে কিন্তু সেই চাহিদা মেটানোর উপযুক্ত মাধ্যম সংখ্যা সীমিত। স্বাভাবিক ভাবেই সংগীতকে এখন শিক্ষাভিত্তিক পাঠক্রমে অন্তর্ভুক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আশা রাখি আমাদের এই প্রচেষ্টা এই চাহিদা মেটাতে সাহায্য করবে। আমাদের বাংলার গৌরবোজ্জ্বল সংস্কৃতি যা সারা ভারতবর্ষ তথা বিশ্বের দরবারে সমাদৃত, সেই সংস্কৃতির কান্ডারী আমাদের পঞ্চকবি। তাঁদের অবদান সম্বন্ধে শিক্ষার্থীদের অবগত করা এবং সংগীতের মুখ্য বিষয়-মঞ্চ উপস্থাপনাকে- গুরুত্ব দিয়ে বিভিন্ন যন্ত্রানুসঙ্গে সংগীত পরিবেশনকেও আমরা আমাদের পাঠক্রমে অন্তর্ভুক্ত করেছি। আশা করছি যুগোপযোগী আমাদের এই বিষয় বিন্যাস সমস্ত সংগীত পিপাসু শিক্ষার্থীকে অনেকাংশে সাহায্য করবে।

কোর্স ফি : ৭৫ টাকা প্রতি মাসে

রেজিস্ট্রেশন ফি :

কলেজের বর্তমান ছাত্রছাত্রীদের জন্য : ২৫ টাকা

প্রাক্তন ছাত্রছাত্রীদের জন্য : ৪০ টাকা

অন্যান্য : ৫০ টাকা

বয়সসীমা ১৮ বছরের উর্দে

শিক্ষাগত যোগ্যতা : নূন্যতম উচ্চ মাধ্যমিক পাস

আসন সংখ্যা : ৫০ (আগে আবেদনের ভিত্তিতে)

আবেদনের লিংক : <https://forms.gle/2gG7EwWEHePv4dAVA>

আবেদন করবার পর অবশ্যই ওয়াটস অ্যাপ গ্রুপ লিংকে ক্লিক করে ওয়াটসঅ্যাপ গ্রুপ জয়েন করতে হবে।

রেজিস্ট্রেশন ফি ও কোর্সফি কলেজে এসে জমা দিতে হবে।

আবেদনের শেষ তারিখ : ২৮/০২/২০২২

Syllabus

Theory:-

- ১। ভারতীয় সংগীতের সংক্ষিপ্ত ইতিহাস-প্রাচীনকাল/মধ্যকাল/আধুনিক কাল
- ২। স্বরলিপি পদ্ধতি ।
- ৩। শ্রুতি স্বর বিভাজন সংক্ষিপ্ত পরিচয় ও গায়কের দোষ গুণ
- ৪। হিন্দুস্থানী সংগীতের উপর মুসলিম সংস্কৃতির প্রভাব ।
- ৫। জীবনে সংগীতের আবশ্যিকতা ।
- ৬। পাশ্চাত্য সংগীত ও ভারতীয় সংগীতের স্বর সপ্তকের একটি সংক্ষিপ্ত আলোচনা ।
- ৭। নজরুল ইসলাম এর সৃষ্ট রাগ ও তাল সম্বন্ধে আলোচনা ।
- ৮। রবীন্দ্র সংগীতের পর্যায় ও রবীন্দ্র সৃষ্ট তাল সম্বন্ধে আলোচনা ।
- ৯। শিক্ষণীয় গান ও রাগ এর সংক্ষিপ্ত পরিচয় ।

Practical:-

- ১। রবীন্দ্র সংগীত ।
- ২। নজরুলগীতি ।
- ৩। অতুলপ্রসাদী ।
- ৪। রজনীকান্তের গান ।
- ৫। দিজেন্দ্রগীতি ।
- ৬। মাইক্রোফোনের ব্যবহার
- ৭। মঞ্চউপস্থাপনা

কোর্স শেষে থিওরী ও প্রাক্টিকাল পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হবে এবং শংসাপত্র প্রদান করা হবে।

ড:মিলি দত্ত পাল (মো :৮২৪০০৯৮৮১২)

পৌলমী ভট্টাচার্য্য (মো :৯৭৩৫৫৫২৮৩৮)

(যুগ্মসমন্বয়কারী)

-আদেশানুসারে

ড: সরোজকুমার চট্টোপাধ্যায়

অধ্যক্ষ